# স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীকের অবসান রাষ্ট্রীয় সম্মাননা পাচ্ছেন দুইজন শিক্ষিকা



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীক বিলুপ্তির সিদ্ধান্তসহ চারটি আইন সংশোধনের অনুমোদন দিয়েছে। একইসঙ্গে মাইলস্টোন স্কুল দুর্ঘটনায় নিহতদের স্মরণে শোক প্রস্তাব গ্রহণ, তাদের পরিবারকে সহায়তা, আহতদের চিকিৎসা সহায়তা, এবং নিহত দুই শিক্ষিকাকে রাষ্ট্রীয় সম্মাননা প্রদানের সিদ্ধান্ত হয়েছে।

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ স্থানীয় সরকার নির্বাচন থেকে দলীয় প্রতীক তুলে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট চারটি আইনের সংশোধনী অনুমোদন করা হয়েছে বৃহস্পতিবার (২৪ জুলাই) অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের বৈঠকে।

বৈঠকের শুরুতে উত্তরার মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের স্মরণে শোক প্রস্তাব গ্রহণ করা হয়। তাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয় এবং আত্মার মাগফিরাত কামনায় বিশেষ মোনাজাত করা হয়

দুর্ঘটনায় নিহতদের পরিবার ও আহতদের চিকিৎসায় সব ধরনের সহায়তা দেওয়ার আশ্বাস দিয়েছে সরকার। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করবে।

এছাড়াও দুর্ঘটনায় নিহত দুই শিক্ষিকা মাহরীন চৌধুরী ও মাসুকা বেগমকে রাষ্ট্রীয় সম্মাননা প্রদানের সিদ্ধান্ত হয়েছে। আগামীকাল শুক্রবার সকল ধর্মীয় উপাসনালয়ে নিহতদের আত্মার শান্তি ও আহতদের দ্রুত আরোগ্য কামনায় বিশেষ প্রার্থনার আয়োজনের ঘোষণা দিয়েছে সরকার।